



## ট্যাক্স প্রস্তুতকারী সম্পর্কিত অধিকারসমূহের গ্রাহক বিল

### ট্যাক্স রিটার্ন প্রস্তুতকারীদের অবশ্যই যা করতে হবে:

- নিউ ইয়র্ক স্টেট ট্যাক্স প্রস্তুতকারী রেজিস্ট্রেশন সার্টিফিকেট এবং মূল্য তালিকা বুলিয়ে দিতে (পোস্ট করতে) হবে;
- যদি আপনার রিটার্ন পরে অডিট করা হয়ে থাকে তবে তারা আপনার প্রতিনিধিত্ব করবেন কি না তা আপনাকে জানাতে হবে;
- আপনার রিটার্নটি সঠিকভাবে সম্পন্ন করার জন্য আপনার আয়, ব্যয়, পরিবার এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্য বা নথি সম্পর্কে আপনাকে জিজ্ঞাসা করতে হবে;
- আপনাকে আপনার ব্যাংক অ্যাকাউন্টের তথ্যসহ আপনার সম্পূর্ণ রিটার্ন পর্যালোচনা করার সুযোগ প্রদান করতে হবে এবং আপনি এটিতে স্বাক্ষর করার আগে কোনো কিছু জিজ্ঞাসা করতে পারবেন;
- আপনার ব্যাংক অ্যাকাউন্টে সরাসরি জমা করার পরিবর্তে আপনি যদি ফেরতযোগ্য প্রত্যাশিত ঋণ (ফেরতযোগ্য অগ্রিম) বা একটি ফেরতযোগ্য প্রত্যাশিত চেক (ফেরতযোগ্য স্থানান্তর) নির্বাচন করেন তবে আপনার কাছে প্রযোজ্য হতে পারে এমন যেকোনো সুদ বা ফি সম্পর্কে তারা আপনাকে লিখিতভাবে জানাবেন;
- আপনার ট্যাক্স রিটার্নে স্বাক্ষর করবেন এবং প্রযোজ্য হলে প্রস্তুতকারীর ট্যাক্স শনাক্তকরণ নম্বর (PTIN) এবং নিউ ইয়র্ক ট্যাক্স প্রস্তুতকারী শনাক্তকরণ নম্বর (NYTPRIN) লিখবেন;
- আপনার ট্যাক্স রিটার্ন ই-ফাইল করবেন;
- যদি আপনার রিটার্ন সম্পর্কিত বিষয়ে কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকে তবে আপনাকে এক বছরব্যাপী ঠিকানা এবং ফোন নম্বর প্রদান করবেন যা আপনি ব্যবহার করতে পারেন এবং
- আপনার নথিভুক্ত রিটার্নের একটি অনুলিপি আপনাকে প্রদান করবেন।

যদি আপনার ট্যাক্স প্রস্তুতকারী এই নিয়মগুলি অনুসরণ না করেন তবে আপনি অফিস অব প্রফেশনাল রিসপসিবিলিটির [www.tax.ny.gov](http://www.tax.ny.gov) (অনুসন্ধান করুন: ট্যাক্স প্রস্তুতকারী অভিযোগ) এ একটি অভিযোগ দায়ের করতে পারেন।

আরো তথ্যের জন্য **518-457-5181** নম্বরে কল করুন।

নিউ ইয়র্ক স্টেটের একজন ট্যাক্স প্রদানকারী হিসেবে আপনার বাড়তি অধিকার এবং নিচের ভাষায় বিষয়বস্তুসহ আরো তথ্যের জন্য QR কোডটি স্ক্যান করুন:

স্প্যানিশ | চাইনিজ | রাশিয়ান | বাংলা | ইন্দিশ  
হাইতিয়ান ক্রেওল | কোরিয়ান | ইতালিয়ান | আরবি | পোলিশ

